

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
আইন ও বিচার বিভাগ
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.lawjusticediv.gov.bd

নং-১০.০০.০০০০.১২৯.১৮.০৩৮.১৬-১০৫৭

তারিখঃ ২৯ ভাদ্র ১৪২৪ বঙ্গাব্দ
১৩ সেপ্টেম্বর ২০১৭ খ্রিস্টাব্দ

বিষয়ঃ বাংলাদেশ সুপ্রীম কোর্টের আপীল বিভাগ ও হাইকোর্ট বিভাগের মাননীয় বিচারপতি মহোদয়গণ দেশের অধস্তন আদালতসমূহ পরিদর্শনকালে সার্কিট হাউজে আবস্থানকালীন সময়ে যাতে কোন সমস্যা না হয় তা নিশ্চিত করার জন্য সকল জেলা প্রশাসককে নির্দেশনা প্রদান প্রসঙ্গে।

- সূত্রঃ (১) বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ এর পত্র বিনিময় শাখার বিজ্ঞপ্তি নং-৪৯৭, তারিখঃ ৩১/০৮/২০১৭ খ্রিঃ।
(২) বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ এর পত্র বিনিময় শাখার বিজ্ঞপ্তি নং-৫০৭ ও ৫০৮, তারিখঃ ০৭/০৯/২০১৭ খ্রিঃ।
(৩) বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ এর পত্র বিনিময় শাখার বিজ্ঞপ্তি নং-৫১৬ ও ৫২০, তারিখঃ ১১/০৯/২০১৭ খ্রিঃ।


উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগের মাননীয় বিচারপতি জনাব মোঃ নজরুল ইসলাম তালুকদার মহোদয় ০৯-২১ সেপ্টেম্বর ২০১৭ খ্রিস্টাব্দ পর্যন্ত মাদারীপুর, শরীয়তপুর ও রাজবাড়ী জেলার আদালতসমূহ; বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগের মাননীয় বিচারপতি জনাব মোঃ মজিবুর রহমান মিয়া মহোদয় ১০-১৩ সেপ্টেম্বর ২০১৭ খ্রিস্টাব্দ পর্যন্ত মানিকগঞ্জ জেলার আদালতসমূহ; বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগের মাননীয় বিচারপতি জনাব কে. এম. কামরুল কাদের মহোদয় ১২-২০ সেপ্টেম্বর ২০১৭ খ্রিস্টাব্দ পর্যন্ত পটুয়াখালী ও পিরোজপুর জেলার আদালতসমূহ; বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগের মাননীয় বিচারপতি জনাব মোঃ শওকত হোসেন মহোদয় ১৯-৩০ সেপ্টেম্বর ২০১৭ খ্রিস্টাব্দ পর্যন্ত নীলফামারী, কুড়িগ্রাম ও গাইবান্ধা জেলার আদালতসমূহ এবং বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগের মাননীয় বিচারপতি জনাব মোস্তফা জামান ইসলাম মহোদয় ২৩-২৮ সেপ্টেম্বর ২০১৭ খ্রিস্টাব্দ পর্যন্ত ব্রাহ্মণবাড়ীয়া ও মুন্সীগঞ্জ জেলার আদালতসমূহ পরিদর্শন করবেন।

০২। বাংলাদেশ সুপ্রীম কোর্টের আপীল বিভাগ ও হাইকোর্ট বিভাগের মাননীয় বিচারপতি মহোদয়গণ দেশের অধস্তন আদালতসমূহ পরিদর্শনকালে সার্কিট হাউজে অবস্থানকালীন সময়ে যাতে কোন সমস্যা না হয় সেজন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উল্লেখিত জেলার জেলা প্রশাসকগণসহ দেশের সকল জেলা প্রশাসককে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

প্রাপক :

জেলা প্রশাসক (সকল)

.....জেলা।



(তেয়বুল হাসান)

সিনিয়র সহকারী সচিব (প্রশাসন)

Email : section5@lawjusticediv.gov.bd

ফোন: ৯৫৭৭৪২০

সদয় কার্যার্থে ও জ্ঞাতার্থে বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১ রেজিস্টার জেনারেল, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
- ২ জেলা ও দায়রা জজ, (সকল)।
- ৩ মাননীয় মন্ত্রী'র একান্ত সচিব; আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
- ৪ ডেপুটি রেজিস্টার (প্রটোকল), বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ, ঢাকা।
- ৫ মন্ত্রিপরিষদ সচিব মহোদয়ের একান্ত সচিব, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৬ সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৭ সচিব মহোদয়ের একান্ত সচিব, আইন ও বিচার বিভাগ; আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
- ৮ প্রোগ্রামার, আইন ও বিচার বিভাগ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৯ অতিরিক্ত সচিব মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, আইন ও বিচার বিভাগ।
- ১০ যুগ্ম সচিব (প্রশাসন-১/২) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, আইন ও বিচার বিভাগ।
- ১১ উপ সচিব (প্রশাসন-১/২) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, আইন ও বিচার বিভাগ।
- ১২ অফিস কপি।